চুয়াডাঙ্গায় দিন ব্যাপি পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় দিন ব্যাপী পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় সরকারি কলেজ রোডে অবস্থিত মুক্ত মঞ্চে এ মেলার আয়োজন করেন ওয়েভ ফাউন্ডেশন। পিকেএসএফ এর সহায়তায় নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক উপ প্রকল্পের আওতায় এ মেলা অনুষ্ঠিত হয়। এসময় মেলাটি আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন, চুয়াডাঙ্গার স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার। এরপর মেলা চত্বরে বিভিন্ন উদ্যোক্তাদের স্টল পরিদর্শন করেন অনুষ্ঠানের অতিথিরা। স্টল পরিদর্শন শেষে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠান জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানে খামার থেকে থালা ভ্যালু চেইন বিষয়ক উদ্বোধনী ডিসপ্লে প্রদর্শিত করা হয়।

এরপর শুরু হয় মেলা উপলক্ষে আলোচনা সভা। সভায় সভাপতিত্ব করেন, ওয়েভ ফাউন্ডেশনের গভর্নিং বডির সহ-সভাপতি ও সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান। সভার শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন, ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক নির্মল দাস ও উপ-পরিচালক জহির রায়হান।

ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধের সঞ্চয়ালনায় সভার প্রধান অতিথি চুয়াডাঙ্গা স্থানীয় সরকার উপপরিচালক শারমিন আক্তার বলেন, ‘চুয়াডাঙ্গায় দিন ব্যাপি পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলায় বিভিন্ন স্টল প্রদর্শন করা হয়েছে। যেখানে আমাদের কৃষির যাবতীয় বিষয়বস্তু তুলে ধরা হয়েছে। এই মেলার মাধ্যমে আমাদের কৃষির পরিধি ফুটে তোলা হয়েছে বিভিন্ন স্টলে।

এই মেলার মাধ্যমে জানতে পারলাম যে কিভাবে স্বাস্থ্যসম্মত ভাবে দুগ্ধ ও মাংসজাত পন্য উৎপাদন করা হয় সেটা আমরা বিভিন্ন স্টলে ঘুরে জানতে পারলাম। এই বিংশ শতাব্দিতে এসে আমাদের একটা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে খাদ্য উৎপাদনের পাশাপাশি নিরাপদ খাদ্য নিশ্চিত করার। এ ধরনের মেলা নিরাপদ খাদ্য উৎপাদন ও বাজার সম্প্রসারণে উদ্যোক্তাদের উৎসাহিত করার পাশাপাশি ভোক্তাদের মধ্যে সচেতনতা

বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে’।

এসময় আরো বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ শাহাবুদ্দিন, পিকেএসএফের প্রোগ্রাম ম্যানেজার নিউট্রেশন স্পেশালিস্ট কপিল কুমার পাল, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি নাজমুল হক স্বপন, ভার্মি কম্পোস্টের উদ্যোক্তা ইরফান আলী ও তৌফিকুল আলম, মেহেরপুর বাজার কমিটির সভাপতি হাফিজুর রহমান, প্রমুখ।

এরপর একই দিনে সন্ধ্যা ৬টায় দিন ব্যাপি পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলার সমাপনী পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মেহেরপুর ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা জেলার ৪০ জন উদ্যোক্তা বিভিন্ন পণ্য ও প্রযুক্তি নিয়ে মেলায় অংশগ্রহণ করেন। দিন ব্যাপি এই মেলায় বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে মেলার অনুষ্ঠান সাজানো হয়। মেলায় অংশ নেয়া শ্রেষ্ঠ তিনজন উদ্যোক্তাদের পুরস্কৃত করা হয়। এতে প্রথম পুরস্কার পান দামুড়হুদার সাদ্দাম হোসেনের মিষ্টি বাড়ি স্টল, দ্বিতীয় পুরস্কার পান চুয়াডাঙ্গা ভার্মি কম্পোস্টের স্বত্বাধিকারী শাহনাজ পারভিনের স্টল ও তৃতীয় পুরস্কার অর্জন করেন মুজিবনগরের শাহীন সুইট স্টল।

এসময় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, জেলা প্রেসক্লাবের সভাপতি অ্যাড. মানিক আকবর ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজিব হাসান কচি, জেলা জজ কোর্টের সিনিয়ন অ্যাড. বজলুর রহমান প্রমুখ।

আলমডাঙ্গায় চায়নাবার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

আলমডাঙ্গায় ১৬ দলের অংশগ্রহণে অনুষ্ঠিত ‘চায়নাবার ফুটবল টুর্নামেন্টের’ জমকালো ফাইনাল ম্যাচ সম্পন্ন হয়েছে। আলমডাঙ্গা ফুটবল একাডেমির আয়োজনে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকেল সাড়ে তিনটায় আলমডাঙ্গা পাইলট সরকারি মাধ্যমিক বিদ্যালয় (এটিএম) মাঠে ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হয়। নির্ধারিত সময়ে কোনো গোল না হওয়ায় ম্যাচটি ট্রাইবেকারে গড়ায়। ট্রাইবেকারে লাভ স্টার একাদশকে ২-১ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ফ্রেন্ডস ক্লাব আলমডাঙ্গা।

সাবেক ফুটবলার খোন্দকার আমিনুল ইসলাম বাবলুর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন। এছাড়াও স্থানীয় ক্রীড়া সংগঠক ও সাবেক ফুটবলাররা উপস্থিত ছিলেন।

পুরো খেলাটি সঞ্চালনা করেন মীর আসাদুজ্জামান উজ্জ্বল। ম্যাচে প্রধান রেফারির দায়িত্ব পালন করেন আলমডাঙ্গা ফুটবল একাডেমির পরিচালক সোহাগ আলী। সহকারী রেফারি হিসেবে ছিলেন প্রমিলা ফুটবলার উর্মি ও কাজলি।

খেলা শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের হাতে ট্রফি তুলে দেন। আয়োজকরা জানান, নিয়মিত এমন টুর্নামেন্ট আয়োজনের মাধ্যমে স্থানীয় তরুণদের খেলাধুলায় উদ্বুদ্ধ করা এবং প্রতিভাবান খেলোয়াড় তৈরি করাই তাদের মূল লক্ষ্য।

খুলনাতে এপেক্স ক্লাব জেলা-৬ এর কনভেনশন অনুষ্ঠিত

এপেক্স বাংলাদেশের খুলনাতে এপেক্স ক্লাব জেলা-৬ এর কনভেনশন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে হোটেল ডিএস প্যালেস কনফারেন্স রুমে খুলনা এপেক্স ক্লাবের সাবেক প্রেসিডেন্ট এ্যাড. জিএম আবু মুসার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এপেক্স বাংলাদেশের জাতীয় সভাপতি এপেক্সিয়ান এম সায়েম টিপু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ন্যাশনাল ভাইস প্রেসিডেন্ট এপেক্সিয়ান আবু নাঈম মোঃ মাকসুদুর রহমান, ন্যাশনাল একশন ডাইরেক্টর এপেক্সিয়ান

হুমায়ূন কবিরের বদলীজনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) হুমায়ূন কবিরের বদলীজনিত কারণে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সন্ধ্যার পরে থানার সকল অফিসার ফোর্সদের আয়োজনে ওসি হুমায়ূন কবিরের কক্ষে এই বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে তাকে বিদায় ক্রেস্ট প্রদান করা হয়। বিদায় মুহূর্তে থানার অফিসাররা তার কর্মদক্ষতা, মানবিক আচরণ ও থানার সার্বিক শৃঙ্খলা বজায় রাখার ভূমিকার প্রশংসা করেন।

জানা গেছে, তিনি বদলি হয়ে মেহেরপুর জেলায় যোগদান করবেন। সংবর্ধনা শেষে সহকর্মীরা তার ভবিষ্যৎ কর্মস্থলের জন্য শুভকামনা জানান।

বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দামুড়হুদা দোয়া মাহফিল অনুষ্ঠিত

দামুড়হুদা দলিল লেখক সমিতির আয়োজনে বিএনপির চেয়ারপারসন ও তিনবারের সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও দ্রুত শারীরিক সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টার দিকে দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির কার্যালয়ে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি দেলোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক মো. বজলুর রহমান। দোয়া মাহফিলে প্রধান

অতিথির বক্তব্যে তিনি বলেন, বেগম খালেদা জিয়া একজন আপোষহীন গণতন্ত্রের জননি। তিনি আজ অসুস্থ হয়ে ঢাকার বেসরকারি হাসপাতাল এভার কেয়ারে চিকিৎসাধীন। দেশনেত্রী এমন একজন নেত্রী, যার জন্য দল-মত-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই দোয়া করছেন। আমরা সবাই তার অতিদ্রুত সুস্থতা কামনা করি, যেন তিনি দেশের এই সংকটময় সময়ে আবারও জনগণের পাশে দাঁড়াতে পারেন।

এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, দলিল লেখক সমিতির অর্থ সম্পাদক মো. শহিদুল ইসলাম, দৈনিক সকালের খোঁজ খবর ও দৈনিক আজকের বসুন্ধরা পত্রিকার বিশেষ প্রতিনিধি মো. আসহাবুল আলম, দৈনিক সকালের সময় পত্রিকার দামুড়হুদা উপজেলা প্রতিনিধি মো. সাজিদুর রহমান, দৈনিক সকালের খোঁজ খবর পত্রিকার উপজেলা প্রতিনিধি মো. জহিরুল ইসলামসহ দামুড়হুদা উপজেলার সকল দলিল লেখক ও সহকারী সদস্যবৃন্দ।দোয়া মাহফিল পরিচালনা করেন দামুড়হুদা মডেল থানা মসজিদের ইমাম ও খতিব মো. আব্দুল হামিদ।

দামুড়হুদায় মাছের স্বাস্থ্য ও রোগবালাই প্রতিরোধে প্রশিক্ষণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় মৎস্য অধিদপ্তরের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলার মাছ চাষীদের নিয়ে মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা, মাছ ও চিংড়ির রোগবালাই, প্রতিকার ও মাছের নার্সারি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টায় “আমিষেই শক্তি, আমিষেই মুক্তি” স্লোগানকে সামনে রেখে উপজেলা কৃষি অফিসের মিলনায়তনে উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উপজেলা মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মৎস্য দপ্তরের কর্মকর্তা

ফরহাদুর রেজা। তিনি বলেন, “আমরা মাছে ভাতে বাঙালি। মাছ আমাদের আমিষের বড় একটি উৎস। তাই বেশি বেশি মাছ উৎপাদন করতে হবে।”

এসময় তিনি সমন্বিত মৎস্য উৎপাদন ব্যবস্থাপনা, খাবার ব্যবস্থাপনা, রোগবালাই ও প্রতিকার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মৎস্য দপ্তরের সিনিয়র সহকারী পরিচালক সরোজ কুমার মিস্ত্রি। প্রশিক্ষণে উপজেলার ৪০ জন মাছ চাষী অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণ কর্মসূচির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার।

দর্শনায় স্বাদ ও সংস্কৃতি মিলনে ৬ষ্ঠ বার্ষিকী পিঠা উৎসব অনুষ্ঠিত

দর্শনায় “শীতের দুয়ার, লাগলোরে ধুম, পিঠা খাওয়ার” শ্লোগানকে সামনে রেখে ৬ষ্ঠ তম পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি গতকাল সকাল ১০টায় দর্শনা পুরাতন বাজার সোসাইট চত্বরে অনুষ্ঠিত হয়। দর্শনা ওমেন্স ক্লাবের আয়োজনে এই উৎসবের উদ্বোধন করেন তানজিনা মিলি, দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটি সদস্য ও দর্শনা সরকারি কলেজের সাবেক জিএস এনামুল হক শাহ (মুকুল), প্রথম আলোর সাংবাদিক শাহ আলম সনি এবং বীর মুক্তিযোদ্ধা বদরুল আলম ফিট্টু।

দ্বিতীয় পর্বে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্টল প্রদর্শনী, নৃত্য, দেশাত্মবোধক গান এবং লোক সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের ভিড় জমে। পুরস্কার বিতরণ করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক বিএনপি নেতা ইকবাল হোসেন, দর্শনা ট্রাক মালিক সমিতির সাধারণ সম্পাদক সোহেল তরফদার, পিন্টু শাহ, উপজেলা পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক উত্তম কুমার দেব নাথ, ওমেন্স ক্লাবের সভাপতি কামরুনাহার রাণী শাহ এবং সাধারণ সম্পাদক শাহিনা আজাদ স্বপ্না।

উৎসবে বক্তব্য রাখেন ওমেন্স ক্লাবের সভাপতি রাণী শাহসহ অন্যান্য অতিথিরা। দিনব্যাপী উৎসবে মোট ১৫টি স্টল অংশগ্রহণ করে। প্রদর্শিত পিঠার মধ্যে সাদের আঙ্গিনা প্রথম স্থান অর্জন করে, পল্লী পিঠা ঘর দ্বিতীয় স্থান এবং সায়ন পিঠা ঘর তৃতীয় স্থান অর্জন করে।

সন্ধ্যায় আচঁল ব্যান্ডের সংগীত পরিবেশনায় লোক সংগীত উপভোগ করা যায়। অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের উপ-সহকারী অধ্যাপক মরিয়ম মারুফা, প্রভাষক মিল্টন কুমার সাহ এবং ওমেন্স ক্লাবের সাধারণ সম্পাদক শাহিনা আজাদ স্বপ্না খাতুন।

দর্শনা অনিবার্ণ থিয়েটারের কর্মী সভা অনুষ্ঠিত

দর্শনা অনিবার্ণ থিয়েটারের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। সভাটি গতকাল শুক্রবার সন্ধ্যায় সাজ্জাদ হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত হয় এবং নিবার্হী সদস্য আওয়াল হোসেন এর সভাপতিত্বে পরিচালিত হয়।

সভায় কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অনিবার্ণ থিয়েটারের সদস্যদের মতামতের ভিত্তিতে আগামী ১৬ ডিসেম্বর বিজয় দিবস উদযাপন এবং ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থিয়েটারের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও নাট্য কর্মশালা, নতুন নাটকের রিহার্সেল এবং বছরের জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

সভায় মতামত প্রদান করেন অনিবার্ণ থিয়েটারের অর্থ সম্পাদক কবিরুল ইসলাম লিপু, প্রভাষক মিল্টন কুমার সাহ, আশানুর রহমান পলাশ, পপি, আজাদুল ইসলাম মিলন, হাবিবুর রহমান (ইদু), ববি, পূর্বা, রেশী, ফাইম আহম্মেদসহ মোট ২৫ জন সদস্য।

# [redacted]

[redacted]

করা হয়।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে হরিণাকুণ্ডুতে প্রদর্শণী মেলা অনুষ্ঠিত

‘দেশীয় জাত, আধুনিক প্রযুক্তি; প্রাণিসম্পদে হবে উন্নতি’ এ শ্লোগানাকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শণী -২০২৫ এর উদ্বোধন ঘোষণা করা হয়েছে।

বুধবার (২৬ নভেম্বর) সকালে উপজেলা প্রাণিসম্পদ অফিস চত্বরে ফিতা কেটে এ প্রদর্শণী সপ্তাহের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার (ভার:) ঈশিতা আক্তার।

উদ্বোধনের পরে অফিসের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে উপজেলা প্রাণিসম্পদ অফিসার উজ্জ্বল কুমার কুণ্ডুর সভাপতিত্বে উপজেলা নির্বাহী অফিসার ছাড়াও উপজেলা কৃষি কর্মকর্তা শরীফ মোহাম্দ তিতুমিরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় সোনালী ব্যাংক হরিণাকুণ্ডু শাখার ব্যবস্থাপক এজিএম মোবাশ্বের হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা আক্তার, সমাজসেবা অফিসার শিউলি রাণীসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মী ও খামারিরা উপস্থিত ছিলেন।

এবছর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে মেলায় ৩৩ টি স্টল স্থান পেয়েছে। বিভিন্ন খামারী, উদ্যোক্তা, কৃষাণ-কৃষাণী তাদের পালিত পশু-পাখি প্রদর্শণ করেছে স্টলগুলোতে।